গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৮৩/২০১৮-১৯

ঢাকা, বৃহস্পতিবার ২৫ অক্টোবর ২০১৮, ১০ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাজনীতির নামে পুড়িয়ে মানুষ হত্যা বন্ধে পদক্ষেপ গ্রহণ করবে সরকার
বিশ্বের বৃহত্তম বার্ন ইনস্টিটিউট উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

২। সামুদ্রিক নিরাপত্তা আরো জোরদার করতে হবে
হ্যাকগাম'র উচ্চ পর্যায়ের সভা উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। *সবচেয়ে লম্বা মানুষ জিন্নাত* পেলেন প্রধানমন্ত্রীর অনুদান

৪। উন্নত দেশে পরিণত হচ্ছে বাংলাদেশ : স্পিকার

৫। জাতীয় সংসদে সরকারি চাকরি বিল, বাংলাদেশ শ্রম (সংশোধন) বিল ও শিশু একাডেমি বিল পাস

৬। *বৈদেশিক ঋণ ও সুদ বাবদ ৮,২২৪ দশমিক* ৮৩ কোটি টাকা পরিশোধ করা হয়েছে : সংসদে অর্থমন্ত্রী

৭। ব্যাংক-আর্থিক *প্রতিষ্ঠান সীমিতকরণ দরকার* : অর্থমন্ত্রী

৮। ৪ হাজার ৭২ কোটি টাকার ১০ ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

৯। নরসিংদীর পলাশে নতুন সার কারখানা নির্মাণে চুক্তি

১০। সরকার সংবাদপত্রসংশ্লিষ্ট সব বিষয়ে আন্তরিক : তথ্য প্রতিমন্ত্রী

১১। গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করার আহ্বান বিদ্যুৎ প্রতিমন্ত্রীর

১২। বাংলাদেশের 'এসডিজি ট্রেকার' ব্যবহার করবে পেরু

১৩। জাতীয় নির্বাচন ঘিরে অপপ্রচাররোধে
ফেসবুক নজরদারি করবেন দুই হাজার তথ্যপ্রযুক্তিবিদ

১৪। বিশ্বে বাংলাদেশের 'ব্র্যান্ড ইমেজ' ২৪ শতাংশ বেড়ে হয়েছে ২৫ হাজার ৭০০ কোটি ডলার

১৫। জিম্বাবুয়ের বিরুদ্ধে ওয়ানডে সিরিজ জয় বাংলাদেশের

১৬। সাশ্রয়ী ভ্রমণ তালিকায় বাংলাদেশ সপ্তম

চলমান পাতা-২

১।	**রাজনীতির নামে পুড়িয়ে মানুষ হত্যা বন্ধে পদক্ষেপ গ্রহণ করবে সরকার**
বিশ্বের বৃহত্তম বার্ন ইনস্টিটিউট উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজনীতির নামে আগুন দিয়ে পুড়িয়ে মানুষ হত্যার বিরুদ্ধে জনগণকে সচেতন থাকার আহ্বান জানিয়ে বলেছেন, এ ধরনের জঘন্য অপকর্মের সঙ্গে যারা যুক্ত হবে তাদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভবিষ্যতে আর যেন অগ্নি সন্ত্রাসের ঘটনা কেউ ঘটাতে না পারে, সেজন্য সরকারের পক্ষ থেকে সম্ভাব্য সব ধরনের ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২৪ অক্টোবর বুধবার) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল সংলগ্ন চাঁনখারপুল এলাকায় 'শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট' উদ্বোধনকালে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিটে জোড়া মাথার যমজ শিশু দুই বোন রাবেয়া-রোকেয়ার চিকিৎসা চলছে। গতকাল (২৪ অক্টোবর বুধবার) শেখ হাসিনা. *জাতীয়* বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট উদ্বোধন*শেষে প্রধানমন্ত্রী তাদের খোঁজ নেন*। এ সময় তিনি *তাদের বাবা-মায়ের সাথে কথা বলেন।* তাদের চিকিৎসার সম্পূর্ণ ব্যয় বহন করছেন প্রধানমন্ত্রী *নিজেই।* সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), (পৃ.১৯,ক.৮), ***যুগান্তর*** *(শেষ পৃ,ক.৬)*, ***এশিয়ান এজ*** *(পৃ.১,ক.২)*, ***ইন্ডিপেনডেন্ট*** *(পৃ.১,ক.১)।*

২।	**সামুদ্রিক নিরাপত্তা আরো জোরদার করতে হবে**
হ্যাকগাম'র উচ্চ পর্যায়ের সভা উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়া অঞ্চলের বিভিন্ন দেশের অভিজ্ঞতা ও মতবিনিময়ের মাধ্যমে আগামীতে এ অঞ্চলের সামুদ্রিক নিরাপত্তা আরও জোরদার করার উপায় উদ্ভাবন করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, সমুদ্র নিরাপ*ত্তা আমাদের জন্য অতীব গুরুত্বপূর্ণ।* এ অঞ্চলের বৃহৎ জনগোষ্ঠী তাদের জীবন-জীবিকার জন্য সমুদ্র*সম্পদের* ওপর নির্ভরশীল। তাই দেশের সমুদ্রসীমাকে নিরাপদ করতে সরকার বদ্ধপরিকর। গতকাল (২৪ অক্টোবর বুধবার) *হোটেল রেডিসন ব্লুতে* চতুর্দশ 'হেডস অভ্ *এশিয়ান কোস্ট গার্ড (হ্যাকগাম)'* এর উচ্চ পর্যায়ের সভা উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, কোনো দেশের একার চেষ্টায় সমুদ্রপথের অপরাধ দমন করা সম্ভব নয়। বাংলাদেশ কোস্ট গার্ড এশীয় অঞ্চলের অন্যান্য সংস্থার সঙ্গে একযোগে কাজ করে আমাদের সমুদ্রকে নিরাপদ রাখবে, এটাই আমার প্রত্যাশা। এজন্য আমরা সব ধরনের উদ্যোগ গ্রহণ করব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), ***জনকণ্ঠ*** *(পৃ.১, ক.৪)*, ***ডেইলি সান*** *(শেষ পৃ,ক.২)*, ***ইন্ডিপেনডেন্ট*** *(পৃ.৩,ক.২)।*

৩।	**সবচেয়ে লম্বা মানুষ জিন্নাত পেলেন প্রধানমন্ত্রীর অনুদান**

কক্সবাজারের রামু উপজেলার জিন্নাত আলী। ধারণা করা হচ্ছে, তিনিই এখন বিশ্বের সবচেয়ে লম্বা মানুষ। গতকাল (২৪ অক্টোবর বুধবার) *প্রধানমন্ত্রী তাঁর* সংসদ কার্যালয়ে এ লম্বা মানুষকে সাক্ষাৎ দেন। এ সময় তার চিকিৎসার জন্য পাঁচ লাখ টাকা অনুদান দেন প্রধানমন্ত্রী। বিশ্বের সবেচেয়ে লম্বা মানুষ জিন্নাতকে বাড়ি করে দেওয়ারও নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। জিন্নাত আলী নানা রোগে ভুগছেন। তার চিকিৎসার দায়িত্ব নিয়েছে সরকার। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), ***যুগান্তর*** (*শেষ পৃ*,ক.৭)।

৪।	**উন্নত দেশে পরিণত হচ্ছে বাংলাদেশ : স্পিকার**

*জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিরলস প্রচেষ্টা, আত্মবিশ্বাসী ও দৃঢ়চেতা মনোবল এবং কঠোর পরিশ্রমের ফলে বাংলাদেশ একটি উন্নত দেশে পরিণত হওয়ার দিকে এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, বাঙালি জাতি ও বাংলাদেশকে বিশ্বে একটি আত্মমর্যাদাশীল জাতি হিসেবে প্রতিষ্ঠা করে তিনি জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্নকে বাস্তবায়ন করছেন। বাংলাদেশ এখন বিশ্বের কাছে উন্নয়নের মডেল হিসেবে বিবেচিত হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে গতকাল (২৪ অক্টোবর বুধবার) প্রধানমন্ত্রীকে নিয়ে লেখা 'পিস এন্ড হারমোনি' কবিতাগ্রন্থের প্রকাশনা উৎসবে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। সূত্র-***সমকাল*** *(পৃ.৫,ক.১)*, ***সংবাদ*** *(পৃ.৪,ক.৪)।*

৫।	**জাতীয় সংসদে সরকারি চাকরি বিল, বাংলাদেশ শ্রম (সংশোধন) বিল ও শিশু একাডেমি বিল পাস**

আদালতে চার্জশিট গ্রহণের আগে সরকারি কর্মচারিদের গ্রেফতারের অনুমতি নিতে হবে। এমন বিধান রেখে সংসদে 'সরকারি চাকরি বিল, ২০১৮' পাস হয়েছে। গতকাল (২৪ অক্টোবর বুধবার) সংসদের বৈঠকে বিলটি পাসের জন্য উত্থাপন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক। এছাড়া ট্রেড ইউনিয়নের শর্ত শিথিল করে 'বাংলাদেশ শ্রম (সংশোধন) বিল, ২০১৮' গতকাল পাস হয়েছে। সংসদের বৈঠকে বিলটি পাসের জন্য উত্থাপন করেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. মুজিবুল হক।

এছাড়া শিশুদের সাংস্কৃতিক, বৈজ্ঞানিক, বিনোদনমূলক ও শিক্ষামূলক কার্যাবলিসহ এ সম্পর্কিত বিষয়াদির উন্নতি বিধান করে গতকাল সংসদে 'বাংলাদেশ শিশু একাডেমি বিল, ২০১৮' সংশোধিত আকারে পাস করা হয়েছে। মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বিলটি পাসের প্রস্তাব করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৬। **বৈদেশিক ঋণ ও সুদ বাবদ ৮,২২৪ দশমিক ৮৩ কোটি টাকা পরিশোধ করা হয়েছে : সংসদে অর্থমন্ত্রী**

২০১৫-১৬ অর্থবছরে বৈদেশিক ঋণ ও ঋণের সুদ বাবদ ১,০৫০ দশমিক ৫৬ মিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ ৮,২২৪ দশমিক ৮৩ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। গতকাল (২৪ অক্টোবর বুধবার) সংসদ অধিবেশনে এক লিখিত প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২.ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৭। **ব্যাংক-আর্থিক প্রতিষ্ঠান সীমিতকরণ দরকার : অর্থমন্ত্রী**

দেশের ব্যাংকিংখাত ভালো আছে উল্লেখ করে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সীমিতকরণ দরকার হতে পারে। গতকাল (২৪ অক্টোবর বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ মন্তব্য করেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), ***যুগান্তর*** *(পৃ.১ক.৪),* ***ইন্ডিপেনডেন্ট*** *(পৃ.৯,ক.৪),* ***ফিনানশিয়াল এক্সপ্রেস*** *(পৃ.১,ক.৭)।*

৮। **৪ হাজার ৭২ কোটি টাকার ১০ ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

*রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থ পানি শোধনাগার নির্মাণ প্রকল্পসহ মোট ৪ হাজার ৭২ কোটি ৩৮ লাখ টাকা ব্যয়ে ১০টি ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (২৪ অক্টোবর বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ ক্রয় প্রস্তাবগুলোর অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫)।*

৯। **নরসিংদীর পলাশে নতুন সার কারখানা নির্মাণে চুক্তি**

*নরসিংদীর পলাশে নতুন করে একটি ইউরিয়া সার কারখানা স্থাপনে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিসিআইসি, জাপানের এম/এস এমএইচআই, ও চায়নার সিসি-৭-এর মধ্যে এক ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল (২৪ অক্টোবর বুধবার) শিল্প মন্ত্রণালয়ে বার্ষিক ৯ লাখ ২৪ হাজার মেট্রিক টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন ঐ কারখানা নির্মাণের চুক্তিস্বাক্ষর হয়। চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এমপি এবং জাপানের রাষ্ট্রদূত মি.হিরোইয়াসু ইজুমি উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **সমকাল** (পৃ.১২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।*

১০। **সরকার সংবাদপত্রসংশ্লিষ্ট সব বিষয়ে আন্তরিক : তথ্য প্রতিমন্ত্রী**

তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, বর্তমান সরকার সাংবাদিকসহ সংবাদপত্রের সাথে সংশ্লিষ্ট সবার বিষয়ে খুবই আন্তরিক। এজন্য সরকার বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট গঠন করেছে। তিনি বলেন, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন সংশোধনের মাধ্যমে প্রেসশ্রমিক ও সংবাদপত্র কর্মচারীদের অন্তর্ভুক্ত করা অথবা নতুন আইন করে প্রেসশ্রমিক ও সংবাদপত্র কর্মচারীদের সহায়তা ভাতা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হবে। প্রতিমন্ত্রী গতকাল (২৪ অক্টোবর বুধবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ সংবাদপত্র কর্মচারী ফেডারেশন ও বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অভ্ নিউজপেপার প্রেস ওয়ার্কার্স প্রতিনিধিদের সাথে মতবিনিময়কালে এসব কথা বলেন। তথ্যসচিব আবদুল মালেক ও ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। সূত্র-**নয়াদিগন্ত** (পৃ.২,ক.৫)।

১১। **গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করার আহ্বান বিদ্যুৎ প্রতিমন্ত্রীর**

*বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করতে সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করতে হবে। প্রতিবছর প্রায় ২০ শতাংশ গ্রাহক বাড়ছে। সেবা নিয়ে গ্রাহকদের কাছে যেতে হবে। গতকাল (২৪ অক্টোবর বুধবার) ঢাকায় ডেসকো'র উদ্যোগে আয়োজিত উত্তরার 'সেক্টর-১৮, ১৩২/৩৩/১১ কেভি গ্রিড উপকেন্দ্র' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭)।*

১২। **বাংলাদেশের 'এসডিজি ট্রেকার' ব্যবহার করবে পেরু**

বিশ্বের দক্ষিণের দেশগুলোর নাগরিককেন্দ্রিক সেবাপ্রদানের বিষয়টি ব্যাপক অর্থে অনুধাবনে জ্ঞান, অভিজ্ঞতা ও বিশেষ দক্ষতা বিনিময় সহজতর করার লক্ষ্যে প্ল্যাটফরম হিসেবে কাজ করে দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা। সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলের (এসডিজি) লক্ষ্য হলো অংশীদারিত্ব। যা লক্ষ্যমাত্রা বাস্তবায়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসডিজি অর্জনে পেরু সরকার বাংলাদেশের অভিজ্ঞতা অনুসরণ করবে, যা 'এসডিজি ট্রেকার' ব্যবস্থা নামে পরিচিত। এসডিজি'র বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জনে বাংলাদেশের 'এসডিজি ট্রেকার' ব্যবহার করবে পেরু। এসডিজিসহ বিভিন্ন তথ্য-উপাত্ত বিনিময় ও সহযোগিতার ক্ষেত্রে বাংলাদেশ সরকারের এটুআই (একসেস টু ইনফরমেশন) এবং পেরু সরকারের ন্যাশনাল ইনস্টিটিউট অভ্ স্ট্যাটিস্টিক্স এন্ড ইনফরমেটিক্স (আইএনইআই)-এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। দুবাইয়ের ইউএন ওয়ার্ল্ড ডাটা ফোরামে গত ২৩ অক্টোবর মঙ্গলবার এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৮)।

১৩। **জাতীয় নির্বাচন ঘিরে অপপ্রচাররোধে**
ফেসবুক নজরদারি করবেন দুই হাজার তথ্যপ্রযুক্তিবিদ

*জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে রাষ্ট্রবিরোধী বিভিন্ন ধরনের নেতিবাচক তথ্য প্রচার প্রতিরোধে উদ্যোগ নিয়েছে র‍্যাব। এ লক্ষ্যে আগামী চার মাসের জন্য একটি প্রতিষ্ঠানকে নিয়োগ দেওয়া হবে। প্রতিষ্ঠানটির দুই হাজার ৫০ জন অভিজ্ঞ তথ্যপ্রযুক্তিবিদ ২৪ ঘণ্টা উল্লিখিত মাধ্যমগুলো নজরদারিতে রাখবেন। তারা রাষ্ট্রবিরোধী গুজব, বিদ্বেষ ও বিভ্রান্তিমূলক পোস্টের জবাব দেবেন। একইসঙ্গে এসব কাজে যারা যুক্ত থাকবেন, তাদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে সহযোগিতা করবেন। এছাড়া এসব মাধ্যমে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের সঠিক তথ্য প্রচারেও দায়িত্ব পালন করবেন প্রযুক্তিবিদরা। 'সামাজিক যোগাযোগ মাধ্যম পর্যবেক্ষণ' নামে প্রস্তাবিত প্রকল্প প্রস্তাবের ওপর অনুষ্ঠিত মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী সূত্রে এ তথ্য জানা গেছে। প্রকল্পটি ১২১ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়ন করা হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য খুব শীঘ্রই এ প্রকল্প একনেকে উঠবে বলে জানা গেছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১)।*

১৪। **বিশ্বে বাংলাদেশের 'ব্র্যান্ড ইমেজ' ২৪ শতাংশ বেড়ে হয়েছে ২৫ হাজার ৭০০ কোটি ডলার**

বিশ্বের *বাজারে বাংলাদেশের 'ব্র্যান্ড ইমেজ'* ২৪ শতাংশ বেড়ে হয়েছে ২৫ হাজার ৭০০ কোটি (২৫৭ বিলিয়ন) মার্কিন ডলার। দক্ষিণ এশিয়ার দেশ হিসেবে এটি দ্বিতীয় সর্বোচ্চ। গত বছরের তুলনায় শুধুমাত্র বাংলাদেশেরই এ ইমেজ বেড়েছে। সম্প্রতি যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান ব্র্যান্ড ফাইন্যান্সের *বৈশ্বিকভাবে পরিচালিত 'নেশন ব্র্যান্ডস ২০১৮'* এর প্রতিবেদনে এ চিত্র উঠে আসে। ১৯৯৬ সাল থেকে এ প্রতিবেদন প্রকাশ করে আসছে প্রতিষ্ঠানটি। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৬), ***ভোরের কাগজ*** *(পৃ.১,ক.৪)*।

১৫। **জিম্বাবুয়ের বিরুদ্ধে ওয়ানডে সিরিজ জয় বাংলাদেশের : প্রধানমন্ত্রীর অভিনন্দন**

তিন ম্যাচ ওয়ানডে সিরিজের দ্বিতীয় ম্যাচে জিম্বাবুয়েকে ৩৫ বল ও ৭ উইকেট হাতে রেখে বড় ব্যবধানে হারিয়েছে বাংলাদেশ। টানা দুই ম্যাচ জয়ের ফলে তিন ম্যাচের সিরিজে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ জিতে নিল স্বাগতিকরা। গতকাল (২৪ অক্টোবর বুধবার) চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে এ ম্যাচ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জিম্বাবুয়ের বিরুদ্ধে সিরিজ জয়ে বাংলাদেশ জাতীয় ক্রিকেটদলকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র- ***আমাদের অর্থনীতি*** *(পৃ.১,ক.৬),* ***ইত্তেফাক*** *(পৃ.১,ক.১)।*

১৬। ***সাশ্রয়ী ভ্রমণ তালিকায় বাংলাদেশ সপ্তম***

লোনলি প্ল্যানেট ডটকম নামক একটি ভ্রমণবিষয়ক পোর্টাল সম্প্রতি ২০১৯ সালের জন্য সাশ্রয়ী ভ্রমণ গন্তব্যের একটি তালিকা প্রকাশ করেছে। তবে এতে শুধুই কম খরচের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়নি, ঐ স্থানের দর্শনীয় স্থানের গুরুত্বের বিষয়টিও ভাবা হয়েছে। তালিকায় বাংলাদেশকে ৭ম অবস্থানে দেখানো হয়েছে। পোর্টালটির প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশের যেকোনো স্থানে সহজে ঘোরাফেরার সুযোগ আর কোনো প্রতিবেশী দেশে নেই বললেই চলে। মিতব্যয়ী ভ্রমণকারীদের কাছে বাংলাদেশ সবসময়ই আকর্ষণীয় স্থান। সূত্র- ***সংবাদ*** *(শেষ পৃ.,ক.৫),* ***এশিয়ান এজ*** *(শেষ পৃ,ক.৮)।*

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মোবাইলে কলড্রপের কারণে গ্রাহকের আর্থিক ক্ষতি হয় উল্লেখ করে এ ব্যাপারে মোবাইল অপারেটর কোম্পানিগুলোর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** খুলনার ডুমুরিয়া উপজেলার কয়েকটি গ্রামে ১১ বছর ধরে জলাবদ্ধতার ফলে দুর্বিষহ অবস্থার সৃষ্টি হয়েছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন :** সারাদেশে অব্যাহত গৃহশ্রমিক নির্যাতনের ঘটনার সুষ্ঠু বিচার ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক নামে একটি প্রতিষ্ঠান উল্লেখ করে তাদের এ দাবি আমলে নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর চাঁনখারপুলে 'শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট' উদ্বোধন করার সংবাদকে স্বাগত জানিয়ে এতে প্রত্যাশিত মানের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের নদ-নদীগুলো দখল ও দূষণ থেকে সুরক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ নেশন :** মাদকের আগ্রাসন হতে তরুণ প্রজন্মকে রক্ষায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গ্রামীণ জনগণের নাগালে মানসম্মত প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত, **'সমুদ্র সম্পদ : সম্ভাবনার নতুন দিগন্ত'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ২০৪১ সালের মধ্যে প্রধানমন্ত্রীর ঘোষিত সমৃদ্ধ ও উন্নত দেশ গড়ে তুলতে সমুদ্রসম্পদকে কাজে লাগানো হলে উন্নয়নের গতি আরো দ্রুত হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা